

স্মারক নং- ইআবি/জনসংযোগ তওপ/সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০১৭৮

তারিখ: ১৫ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

জাতির পিতা “বঙ্গবন্ধুর” প্রতিটি রক্ত বিন্দুর বিনিময়ে অর্জিত আজকের এই স্বাধীন সার্বভৌম বাংলাদেশ- জাতীয় শোক দিবসে ইআবি- ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ


স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অডিটরিয়ামে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর সম্মানিত সদস্য অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর বলেন, বাঙ্গালী জাতির সবচেয়ে বড় অর্জন “স্বাধীনতা” বঙ্গবন্ধুর আপোষহীন নেতৃত্বেরই অবদান। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন একজন অবিসংবাদিত, বুদ্ধিদীপ্ত ও আদর্শিক নেতা। ১৯৭৫ এর যে নৃশংস হত্যাকাণ্ড ঘটানো হয়েছিলো তা কোন ব্যক্তি নয় বরং একটি রাষ্ট্রকে হত্যা করার চেষ্টা ছিলো। তিনি বলেন, একটি জাতিকে সঠিক ভাবে গড়ে তুলতে শিক্ষার উপর গুরুত্বারোপ করেছিলেন বঙ্গবন্ধু। তিনি চেয়েছিলেন শুধু প্রাতিষ্ঠানিক শিক্ষাই নয় বরং মানবিক ও ধর্মীয় শিক্ষায় উদ্দীপ্ত হয়ে এ জাতি যেন দেশ গড়ায় সক্রিয় হতে পারে।

জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ বলেন, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিটি রক্ত বিন্দুর বিনিময়ে আমরা আজকের এই স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ পেয়েছি। তিনি বলেন, স্বাধীনতা বিরোধীরা বঙ্গবন্ধুকে হত্যা করলেও তার মুক্তিকামী চেতনাকে হত্যা করতে পারেনি। আজ আঠারো কোটি বাঙ্গালী বঙ্গবন্ধুতে পরিণত হয়েছে। স্বাধীনতার প্রাক্কালে এ দেশের বিরুদ্ধে যারা ষড়যন্ত্র করেছিলো তারা এখনো সক্রিয় উল্লেখ করে তিনি বলেন, পাক হানাদারদের বিরুদ্ধে বঙ্গবন্ধুর কথার প্রতিটি শব্দ যেমন বিধ্বংসী কামানের গোলায় চেয়েও ভয়াবহ ছিলো ঠিক একই ভাবে বাঙ্গালী জাতির বিরুদ্ধে যারা ষড়যন্ত্র করছে তাদেরও মোকাবেলা করতে সক্ষম এ জাতি। এ সময় শতবছরের আলেম সমাজের দেখানো প্রকৃত ইসলাম, মানবতার ইসলাম ও শান্তির ইসলামের সঠিক চর্চা করার মাধ্যমে মান এবং গুনে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়কে পৃথিবীর মানচিত্রে শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তুলতে সবার সহযোগীতা কামনা করেন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ ও ট্রেজারার জনাব এস. এম. এহসান কবীর। আরো বক্তব্য রাখেন বঙ্গবন্ধু পরিষদের ইআবি শাখার সভাপতি জনাব মো: শামীম হোসেন খান ও সাধারণ সম্পাদক জনাব মো: জহিরুল ইসলাম এবং কর্মচারী পরিষদ ইআবি শাখার সভাপতি জনাব মোহাম্মদ আব্দুল গফুর। সভা পরিচালনা করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম।

আলোচনা সভা শেষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে নিয়ে ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এর মধ্য দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ। এর আগে জাতীয় শোক দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস ভবনে জাতীয় পতাকা অর্ধনমিত করা হয় এবং পবিত্র কোরআন খতম ও ১৫ আগস্টের সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়।


(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।